

পরিপত্র

“বিদ্যালয়বিহীন গ্রামে ১৫০০ প্রাথমিক বিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় সরকারী প্রাথমিক বিদ্যালয় স্থাপনের নিমিত্তে নিম্নোক্ত নীতিমালাটি অনুসরণের জন্য এতদ্বারা নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক) গ্রামীণ এলাকায় দানকৃত জমির পরিমাণ নূনতম ৩০ শতক হতে হবে।
 - খ) দানকৃত জমিটি অখন্ড এবং বিদ্যালয় স্থাপনের উপযোগী হতে হবে। নীচু জমি হলে তা দাতার নিজস্ব উদ্যোগে ভরাট করে দিতে হবে। বিদ্যালয় গমনের উপযোগী রাস্তা থাকতে হবে।
 - গ) দানকৃত জমি সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর নামে রেজিস্ট্রেশন করতে হবে।
 - ঘ) দানকৃত জমির রেজিস্ট্রেশন খরচ দাতা কর্তৃক বহন করতে হবে।
 - ঙ) জমি দানকারী ব্যক্তি প্রস্তাবিত নামে স্কুলের নামকরণ করা যাবে। এর জন্য পৃথকভাবে আর কোন জামানতের প্রয়োজন হবে না।
 - চ) স্কুলের নামকরণ বিষয়ক প্রস্তাবটি একটি প্রয়োজনীয় পরিমাণ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প হলফনামা আকারে নোটারী পাবলিক কর্তৃক প্রত্যয়নপূর্বক জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা/উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার নিকট জমা প্রদান করতে হবে। রেজিস্ট্রেশন সম্পাদনকালে উক্তরূপ হলফনামা সম্পাদন করতে হবে।
 - ছ) রেজিস্ট্রেশন দলিল ও হলফনামা ডিজি, ডিপিই বরাবরে রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরণ করতে হবে এবং দলিলের একটি নকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে।
 - জ) দানকৃত জমি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/সহকারী কমিশনার (ভূমি) এর উপস্থিতিতে দাতা কর্তৃক জেলা/উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট লিখিতভাবে বুঝিয়ে দিতে হবে। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/সহকারী কমিশনার (ভূমি) উক্ত দখলনামা প্রত্যায়িত করবেন। রেজিস্ট্রেশনের পূর্বে উক্তরূপ লিখিত দখল বুঝিয়ে দেওয়া হলে উক্ত দখলনামার ভিত্তিতে বিদ্যালয় স্থাপনের দরপত্র আহবান করা যাবে।
- ২। উপরে বর্ণিত বিষয়ে বা অন্য কোন সংশ্লিষ্ট বিষয়ে কোন প্রকার নীতি সহায়তা প্রয়োজন হলে মহাপরিচালক, ডিপিই এর মাধ্যমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানাতে হবে।
- ৩। অত্র নীতিমালা জারি হওয়ার দিন থেকে তা কার্যকরী হবে এবং শুধুমাত্র “বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ প্রাথমিক বিদ্যালয় স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় স্থাপিতব্য সরকারী বিদ্যালয়সমূহের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

স্বাক্ষরিত/-
(ড. ইমতিয়াজ মাহমুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৭১৭২০২৯
ফ্যাক্স: ৯৫১১০৮০

বিতরণ:

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (পরিপত্রটি সকল সংশ্লিষ্ট দপ্তরে বিতরণ করার অনুরোধ সহ)।
২. প্রধান প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা (পরিপত্রটি সকল সংশ্লিষ্ট দপ্তরে বিতরণ করার অনুরোধ সহ)।
৩. প্রকল্প পরিচালক, বিদ্যালয়বিহীন গ্রামে ১৫০০ প্রাথমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (পরিপত্রটি সকল সংশ্লিষ্ট দপ্তরে বিতরণ করার অনুরোধ সহ)।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪. যুগ্ম-সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬।

স্মারক নং প্রাশিঅ/পরি: ও উন্ন: ১৫/২০০৯/২০৪৭/৩৭৪

১৫ নভেম্বর ২০১১ খ্রিঃ

উক্ত পরিপত্রের আলোকে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের নিমিত্তে বর্ণিত নীতিমালা অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধসহ কপি প্রেরণ করা হলো:

১. প্রকল্প পরিচালক, বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ প্রাথমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৪. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. অফিস কপি।

(ড. মোঃ নূরুল আমিন চৌধুরী)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ৯০০৪৯২০